# সরকারি সফরে তুরস্ক গেলেন জেনারেল ওয়াকার-উজ-জামান



সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান।ছবি: সংগৃহীত

বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান পাঁচ দিনের সরকারি সফরে তুরস্ক গেছেন। রোববার (১৯ জুলাই) তিনি ঢাকায় থেকে তুরস্কের উদ্দেশে যাত্রা করেন।

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

সফরকালে সেনাপ্রধান তুরস্কের বিভিন্ন প্রতিরক্ষা শিল্পপ্রতিষ্ঠান পরিদর্শন করবেন এবং দেশটির প্রতিরক্ষা সক্ষমতা ও প্রযুক্তিগত অগ্রগতি সম্পর্কে ধারণা নেবেন।

এ ছাড়া বাংলাদেশ ও তুরস্কের মধ্যে প্রতিরক্ষা সহযোগিতা আরও সম্প্রসারণের লক্ষ্যে তুরস্কের সশস্ত্র বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তা এবং প্রতিরক্ষা খাতের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করবেন তিনি।

আইএসপিআরের মতে, এ সফরের মাধ্যমে দুই দেশের বিদ্যমান প্রতিরক্ষা সম্পর্ক আরও শক্তিশালী হবে এবং পারস্পরিক সহযোগিতার নতুন ক্ষেত্র তৈরির সুযোগ সৃষ্টি হবে।

LENS ASIA